অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন

শিল্প মন্ত্রণালয়

মাসের নাম : আগস্ট/২০১৯

মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থার নাম	বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট (১+২)	পূর্বের জের	মোট অভিযোগ (৩+৪)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা (৫ - ৬)	মন্তব্য (% সহ)
	পত্র/দরখাস্ত যোগে	অনলাইনে							
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
শিল্প মন্ত্রণালয়	০৫	-	০৫	০৮	১৩	১০ (০২টি অনলাইনে নিষ্পত্তি)	পরিশিষ্ট-ক	০৩	নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে।
বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি)	০৩	-	০৩	০২	০৫	০৫	পরিশিষ্ট-ক	-	নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে।
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি)	-	-	-	০২	০২	-	-	০২	নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে।
বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি)	-	-	-	০৩	০৩	-	-	০৩	
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)	-	-	-	০২	০২	-	-	০২	
বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)	-	-	-	-	-	-	-	-	
বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই)	-	-	-	০৭	০৭	০৩	পরিশিষ্ট-ক	০৪	নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে।
বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)	-	-	-	-	-	-	-	-	
বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)	-	-	-	-	-	-	-	-	
ন্যাশনাল প্রডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)	-	-	-	-	-	-	-	-	
পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি)	-	-	-	-	-	-	-	-	
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়	-	-	-	-	-	-	-	-	
ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ)	-	-	-	-	-	-	-	-	
মোট =	০৮	-	০৮	২৪	৩২	১৮	-	১৪	

পরিশিষ্ট-ক

শিল্প মন্ত্রণালয়:

(১) জনাব মোঃ আসলাম, গাড়ী চালক এর জীবনের অপকর্ম ও দুর্নীতির ফিরিস্তি সংক্রান্ত অভিযোগটি তদন্ত প্রতিবেদন অনুযায়ী প্রমাণিত না হওয়ায় নথিভূক্তির মাধ্যমে অভিযোগসমূহ নিষ্পত্তি করা হয়েছে। পূর্ণাঙ্গ ঠিকানা না থাকায় বিষয়টি অভিযোগকারীকে জানানো সম্ভব হয়নি।

(২) বেগম শাহীরা পারভীন, উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), বিএসইসি এর অনৈতিক কর্মকান্ড সংক্রান্ত অভিযোগটি তদন্ত প্রতিবেদন অনুযায়ী প্রমাণিত না হওয়ায় নথিভূক্তির মাধ্যমে অভিযোগসমূহ নিষ্পত্তি করা হয়েছে। পূর্ণাঙ্গ ঠিকানা না থাকায় বিষয়টি অভিযোগকারীকে জানানো সম্ভব হয়নি।

(৩) জনাব মোঃ সাইদুর রহমান, মহা-ব্যবস্থাপক (পরিকল্পনা ও গবেষণা), বিএসইসি'র চাকুরি জীবনের অপকর্ম ও দুর্নীতির ফিরিস্তি তদন্ত প্রতিবেদন অনুযায়ী প্রমাণিত না হওয়ায় নথিভূক্তির মাধ্যমে অভিযোগসমূহ নিষ্পত্তি করা হয়েছে। পূর্ণাঙ্গ ঠিকানা না থাকায় বিষয়টি অভিযোগকারীকে জানানো সম্ভব হয়নি।

(৪) জনাব মোঃ আমজাদ হোসেন, প্রাক্তন ইলেকট্রিক সুপারভাইজার, বিএসইসি, জনাব এস এম রকিবুল হাসান, ইলেকট্রিশিয়ান কাম জেনারেটার অপারেটর, ইস্টার্ন কেবলস লি: এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত প্রতিবেদন অনুযায়ী প্রমাণিত না হওয়ায় নথিভূক্তির মাধ্যমে অভিযোগসমূহ নিষ্পত্তি করা হয়েছে। পূর্ণাঙ্গ ঠিকানা না থাকায় বিষয়টি অভিযোগকারীকে জানানো সম্ভব হয়নি।

(৫) কারুশিল্পী পুরস্কার ১৪২৫ এর বিচারকদের তৈরি ফলাফল অনৈতিকভাবে পরিবর্তন সংক্রান্ত অভিযোগটি তদন্ত প্রতিবেদন অনুযায়ী প্রমাণিত না হওয়ায় নথিভূক্তির মাধ্যমে নিষ্পত্তি করা যেতে পারে এবং বিষয়টি অভিযোগকারীকে জানিয়ে দেয়া হয়েছে।

(৬) (বিসিক) -এ সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক পদে ব্যাপক দুর্নীতির মাধ্যমে নিয়োগ প্রদানের বিষয়ে প্রাপ্ত অভিযোগটি বানোয়াট ও ভিত্তিহীন প্রতীয়মান হওয়ায় বিবেচ্য অভিযোগপত্রটি নথিজাত করা হয়েছে। অভিযোগকারীর পূর্ণাঙ্গ ঠিকানা না থাকায় বিষয়টি জানানো সম্ভব হয়নি।

(৭) বিএনপি জামাতের দোসর বিসিক সচিবের নজিরবিহীন দুর্নীতির মাধ্যমে নিয়োগ বাণিজ্য প্রসঙ্গে (ঠিকানা বিহীন) অভিযোগের বিষয়গুলো বানোয়াট ও ভিত্তিহীন প্রতীয়মান হওয়ায় বিবেচ্য অভিযোগপত্রগুলো নথিভূক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে এবং অভিযোগকারীর পূর্ণাঙ্গ ঠিকানা না থাকায় বিষয়টি জানানো সম্ভব হয়নি।

(৮) জনাব মোঃ নাসির উদ্দিন, প্রগতি ইন্ডাস্ট্রি লি: ১৬২ এর বিরুদ্ধে গণতন্ত্রের মানসকন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার পরিবার ও মুক্তিযোদ্ধাদের নিয়ে কুরুচিপূর্ণ অভিযোগটির তদন্ত প্রতিবেদন অনুযায়ী প্রমাণিত হয়নি তবে কর্মস্থলে অনুপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট চাকুরী বিধিমালা মোতাবেক তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্য বিএসইসিতে পত্র প্রেরণ করে বিষয়টি নিষ্পত্তি করা হয়েছে এবং অভিযোগকারীকে জানানো হয়েছে।

বিসিআইসি:

১। শিল্প মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ফরিদপুর বাফার গুদামে রিপ্যাকিং সার কম দেয়ার অভিযোগ তদন্তে প্রমাণিত হয়নি।

২। কেএনএম লি: এ হরিলুটের অভিযোগ সম্পর্কে কারখানা ব্যবস্থাপনার মতামতে দেখা যায় অভিযোগটি সঠিক নয়। কারণ কেএনএম এর ৫০ একর জমি সমঝোতার মাধ্যমে ইতোমধ্যে নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানীর নিকট হস্তান্তরিত হয়েছে। নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী তাদের দখলকৃত জমির মধ্য হতে গাছপালা কর্তন ও যন্ত্রাংশ সরানোর কাজটি সম্পন্ন করেছে।

৩। শিল্প মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক জেএফসিএল এর ক্যাটালিষ্ট টিউব রিফরমার টেন্ডার সংক্রান্ত অনিয়মের অভিযোগের বিষয়ে সংশ্লিষ্ট কারখানা ব্যবস্থাপনার মতামত অনুযায়ী এর সত্যতা পাওয়া যায়নি।

৪। চেয়ারম্যান, বিসিআইসি বরাবর অনলাইনে দাখিলকৃত ডিএপিএফসিএল এর শিক্ষানবিস অপারেটর নিয়োগে দুর্নীতির তদন্তে দায়িত্বে অবহেলা প্রমাণিত হওয়ায় অভিযোগটি বিভাগীয় মামলায় রুপান্তর করা হয়েছে।

৫। শিল্প মন্ত্রণালয়ের পত্রের আলোকে সংস্থার প্রধান কার্যালয়ের আইসিটি বিভাগে কর্মরত উপ-ব্যবস্থাপক (বাণিজ্যিক) জনাব মো: ইমরান আহমেদ এর বিরুদ্ধে কেপিএম, সিসিসি ও নিয়োগ ও প্রশিক্ষণ শাখায় কর্মকালীন সময়ে তাঁর বিরুদ্ধে বিভিন্ন রকম অনিয়ম, দুর্নীতি ও অসদাচরণের অভিযোগের প্রেক্ষিতে তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্তে অসদাচরণ প্রমাণিত না হওয়ায় অভিযোগটি বিভাগীয় মামলায় রুপান্তর করা হয়েছে।

বিএসটিআই:

১। মোহাম্মদপুর প্রিপারেটরী স্কুলের প্রতিনিধির উপস্থিতিতে লাভেলো ব্র্যান্ডের আইসক্রীম পণ্যের নমুনা সংগ্রহ করে বিএসটিআই ল্যাবে পরীক্ষা করা হয়েছে। পরীক্ষান্তে উক্ত পণ্যের নমুনা নিম্নমানের পাওয়া যায়। পণ্য তিনটির বিক্রি বিতরণ নিষিদ্ধ করা হয়েছে এবং বাজার থেকে প্রত্যাহার করার নির্দেশ প্রদান করা হয়েছে।

২। কমিটির মাধ্যমে উক্ত বাজার থেকে সরেজমিনে পরিদর্শনপূর্বক ঘি এর ২টি নমুনা সংগ্রহপূর্বক ল্যাবে পরীক্ষা করা হয়েছে। পরীক্ষান্তে ২টি নমুনাই মানসম্মত পাওয়া গেছে।

৩। সার্ভল্যান্স টীমের মাধ্যমে সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। প্রতিষ্ঠানটি লাইসেন্স প্রাপ্ত। তবে প্রতিষ্ঠানটির উৎপাদিত সকল পণ্যের লাইসেন্স না থাকায় মোবাইল কোর্টের মাধ্যমে ৫০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে এবং প্রতিষ্ঠানটি লাইসেন্সবিহীন পণ্যের অনুকূলে লাইসেন্স গ্রহণের জন্য ইতোমধ্যে আবেদন করছে।